

যুগান্তর

প্রিন্ট: ২৯ মার্চ ২০২৬, ১০:৫৫ এএম

শিক্ষাঙ্গন

শনিবার খোলা থাকবে প্রাথমিক বিদ্যালয়

Advertisement

আরও দেখুন

⊕ মন্ত্রণালয় সেবা

⊕ স্কুল ব্যাগ

⊕ ক্যারিয়ার কাউন্সিলিং

⊕ দৈনিক সংবাদপত্র

⊕ শিক্ষকের গাইড

⊕ পেনসিল বক্স

⊕ হোমওয়ার্ক সহায়তা

⊕ ক্যালকুলেটর



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৪ মার্চ ২০২৬, ০৬:৩৪ পিএম



প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

যুগান্তর

ফাইল ছবি

চলতি বছরে রমজান মাসজুড়ে ছুটি ঘোষণা করায় শিখন ঘাটতি পূরণে ১০টি শনিবার (সাপ্তাহিক ছুটির দিন) প্রাথমিক বিদ্যালয় খোলা রাখার সিদ্ধান্ত নিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

মঙ্গলবার (২৪ মার্চ) মন্ত্রণালয়ের উপপরিচালক মো. অয়নাল আবেদীন স্বাক্ষরিত এক পরিপত্রে এ সিদ্ধান্তের কথা জানানো হয়। মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য কর্মকর্তা মাহবুবুর রহমান তুহিন এ তথ্য নিশ্চিত করেছেন।

পরিপত্রে বলা হয়েছে, রমজান মাসজুড়ে বিদ্যালয় ছুটি ঘোষণা করায় শিক্ষার্থীদের শিখন ঘাটতি পূরণে রমজানের ছুটির পরে বিদ্যালয়সমূহে শ্রেণি কার্যক্রম শুরুর পরবর্তী ১০টি শনিবার সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে পাঠদান কার্যক্রম পরিচালনা করার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় নির্দেশনা প্রদান করেছে।

এমতাবস্থায়, উক্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এ সংক্রান্ত চিঠি সব জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কাছে পাঠানো হয়েছে।